# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৬৬/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ২২ ফেব্রুয়ারি ২০১৮, ১০ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

২। বাংলার যথাযথ ব্যবহারে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ

৩। আদালতে বাংলার ব্যবহার বাড়ানোর উদ্যোগ নেওয়া হবে : প্রধান বিচারপতি

৪। চিকিৎসার জন্য সিঙ্গাপুর গেলেন রাষ্ট্রপতি

৫। আজ রাজশাহী যাচ্ছেন প্রধানমন্ত্রী

৬। রোহিঙ্গা প্রত্যাবাসনে ভারতকে শক্ত অবস্থান নেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর

৭। জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া বড় চ্যালেঞ্জ : স্বাস্থ্যমন্ত্রী

৮। পেট্রোলিয়াম খাতে কুয়েতের অভিজ্ঞতা কাজে লাগানো হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। চলতি অর্থবছরের প্রথম সাত মাসে রাজস্ব আয় বেড়েছে ১৪ দশমিক ৩৯ শতাংশ

১০। রেলের আধুনিকায়নে ৩৬ কোটি মার্কিন ডলার ঋণ দিচ্ছে এডিবি

চলমান পাতা-২

১। **যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন**

হৃদয়ে একুশের চেতনা ধারণ করে বিনম্র শ্রদ্ধা, মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে সারাদেশে পালিত হয়েছে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। গতকাল (২১ ফেব্রুয়ারি বুধবার) দিবসটির প্রথম প্রহরেই উদ্‌যাপন শুরু হয় ঢাকার কেন্দ্রীয় শহিদ মিনারে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে। দেশ ছাড়াও বিশ্বের বিভিন্ন দেশে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হয়েছে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরসহ বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের সব মিশনেই দিবসটি উদ্‌যাপনে নানা আয়োজন করা হয়। প্রবাসীরা বিদেশের মাটিতে অস্থায়ী শহিদ মিনার গড়ে বিনম্র শ্রদ্ধা জানান '৫২ এর ভাষা শহিদদের প্রতি। দিবসটি শুরুর প্রথম প্রহরে কেন্দ্রীয় শহিদ মিনারে ফুল দিয়ে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানান প্রেসিডেন্ট মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের শ্রদ্ধা নিবেদন পর্ব শেষ হলে রাতেই বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক সংগঠন, পেশাজীবী, সুশীল সমাজের প্রতিনিধি এবং সর্বস্তরের মানুষ পুষ্পস্তবক অর্পণ করেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১),**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **বাংলার যথাযথ ব্যবহারে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের অধিকতর উন্নয়ন এবং বিশ্বে জাতির ভাবমূর্তি উজ্জ্বল করতে বাংলা ভাষার যথাযথ চর্চা, ব্যবহার এবং সংস্কৃতি ও ঐতিহ্য সমুন্নত রাখতে সবার প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, আমরা রক্ত দিয়ে মাতৃভাষার মর্যাদা রক্ষা করেছি এবং এ বিষয়ে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছি। এটি আমাদের জন্য বিরাট গৌরবের বিষয়। তাই এ ভাষার চর্চা ভুলে যাওয়া উচিত হবে না। তিনি আরও বলেন, বাঙালি হিসেবে আমরা আমাদের সংস্কৃতি, ঐতিহ্য ও অন্যান্য গৌরব সমুন্নত রাখব এবং এ ব্যাপারে জনগণকে সচেতন করব। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৮ উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ৪ দিনের কর্মসূচি উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ., **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

৩। **আদালতে বাংলার ব্যবহার বাড়ানোর উদ্যোগ নেওয়া হবে : প্রধান বিচারপতি**

প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন বলেছেন, আদালতের বিচারিক কাজে বাংলার ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। উচ্চ আদালতে বাংলার ব্যবহার বাড়ানোর উদ্যোগ নেওয়া হবে। তিনি বলেন, উচ্চ আদালতের অনেক বিচারক এখন বাংলায় রায় দিচ্ছেন। শুনানিও হচ্ছে বাংলায়। গতকাল (২১ ফেব্রুয়ারি বুধবার) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধা জানানোর পর প্রধান বিচারপতি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

৪। **চিকিৎসার জন্য সিঙ্গাপুর গেলেন রাষ্ট্রপতি**

চোখের চিকিৎসা ও স্বাস্থ্য পরীক্ষার জন্য ছয় দিনের সফরে সিঙ্গাপুরে গেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (২১ ফেব্রুয়ারি বুধবার) রাতে সিঙ্গাপুর এয়ারলাইন্সের একটি ফ্লাইটে রাষ্ট্রপতি সিঙ্গাপুরের উদ্দেশে ঢাকা ছাড়েন। চিকিৎসা শেষে আগামী ২৭ ফেব্রুয়ারি দেশে ফেরার কথা রয়েছে রাষ্ট্রপতির। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫)।

৫। **আজ রাজশাহী যাচ্ছেন প্রধানমন্ত্রী**

আজ রাজশাহী যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি রাজশাহীর ঐতিহাসিক মাদ্রাসা ময়দানে মহানগর ও জেলা আওয়ামী লীগের জনসভায় ভাষণ দেবেন। এর আগে প্রধানমন্ত্রী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন নির্মাণ কাজ ও মহানগর পুলিশ সম্প্রসারণ করে নতুন আটটি থানাসহ ২৯ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৬।	রোহিঙ্গা প্রত্যাবাসনে ভারতকে শক্ত অবস্থান নেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

মিয়ানমারের ওপর ভারতের অব্যাহত চাপ রোহিঙ্গা সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এজন্য রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের বিরুদ্ধে ভারতকে শক্ত অবস্থান নেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ২০ ফেব্রুয়ারি মঙ্গলবার রাতে গণভবনে 'বাংলাদেশ-ইন্ডিয়া মিডিয়া ডায়ালগ' এ অংশগ্রহণকারী ভারতীয় সাংবাদিকদের সঙ্গে সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ মন্তব্য করেন। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ইনস্টিটিউট অব কনফ্লিক্ট, 'ল' অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ গণভবনে এ মিডিয়া সংলাপের আয়োজন করে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু ও তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৭।	জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া বড় চ্যালেঞ্জ : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া সরকারের একটি বড় চ্যালেঞ্জ। সরকার স্বাস্থ্য বিভাগকে শক্তিশালী করতে জেলা ও উপজেলায় কমিউনিটি ক্লিনিক নির্মাণসহ বিভিন্ন হাসপাতাল সম্প্রসারণের কাজ দ্রুত গতিতে এগিয়ে নিয়ে যাচ্ছে। তিনি গতকাল (২১ ফেব্রুয়ারি বুধবার) রাজশাহী বক্ষব্যাধি হাসপাতাল ও ডেন্টাল কলেজ পরিদর্শন ও মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী আরো বলেন, স্বাস্থ্যসেবাকে প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে পৌঁছে দিতে ১০ হাজার নার্স নিয়োগ দেওয়া হয়েছে এবং শীঘ্রই আরো ১০ হাজার ডাক্তার এবং তিন হাজার নার্স নিয়োগ দেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.৫,ক.৪)।

**৮।	পেট্রোলিয়াম খাতে কুয়েতের অভিজ্ঞতা কাজে লাগানো হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

পেট্রোলিয়াম খাতের উন্নয়নে কুয়েতের অভিজ্ঞতা কাজে লাগানো হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। এতে দু'দেশই উপকৃত হবে বলে মনে করেন তিনি। কুয়েতে বাংলাদেশি শ্রমিকদের অবদান প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, দেশটির আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন তারা। পাশাপাশি প্রবাসী আয় পাঠিয়ে দেশের অর্থনীতির চাকাও সচল রেখেছেন। কুয়েতে বাংলাদেশি বিশেষজ্ঞ এবং পেশাজীবীদের আরও অবদানের সুযোগের কথা মনে করিয়ে দেন তিনি। কুয়েতের স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ঢাকায় আয়োজিত এক অভ্যর্থনা অনুষ্ঠানে গতকাল (২১ ফেব্রুয়ারি বুধবার) এসব কথা বলেন তিনি। ঢাকায় কুয়েত দূতাবাস রাজধানীর এক হোটেলে এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫)।

**৯।	চলতি অর্থবছরের প্রথম সাত মাসে রাজস্ব আয় বেড়েছে ১৪ দশমিক ৩৯ শতাংশ**

চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম সাত মাসে (জুলাই-জানুয়ারি) জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) আয়কর, স্থানীয় পর্যায়ের মূল্য সংযোজন কর (মূসক) এবং আমদানি-রফতানি শুল্ক মিলে মোট রাজস্ব আয় করেছে এক লাখ ৯ হাজার ৫৭৩ কোটি টাকা, যা বিগত অর্থবছরের একই সময়ের তুলনায় ১৪ দশমিক ৩৯ শতাংশ বেশি। গত অর্থবছরের প্রথম সাত মাসে রাজস্ব আয়ের পরিমাণ ছিল ৯৫ হাজার ৭৮৯ কোটি টাকা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**১০।	রেলের আধুনিকায়নে ৩৬ কোটি মার্কিন ডলার ঋণ দিচ্ছে এডিবি**

বাংলাদেশ রেলওয়ের চলমান সংস্কারে সহায়তায় ৩৬ কোটি মার্কিন ডলার ঋণ দেবে এশীয় উন্নয়ন ব্যাংক। ফিলিপিন্সের ম্যানিলাভিত্তিক আন্তর্জাতিক ঋণদানকারী সংস্থাটির পরিচালনা পর্ষদ বাংলাদেশের অনুকূলে এ ঋণ অনুমোদন করেছে। গতকাল (২১ ফেব্রুয়ারি বুধবার) সংস্থাটি তাদের ওয়েবসাইটে সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানিয়েছে। এডিবি বলেছে, ঋণের অর্থে রেলওয়ের মাধ্যমে পণ্য পরিবহণে আধুনিক কোচ, ওয়াগন ও লোকোমোটিভ সংযোজন করা হবে। কেনা হবে ৪০টি ব্রডগেজ লোকোমোটিভ, ১২৫টি লাগেজ ভ্যান ও মালগাড়ির জন্য এক হাজার ওয়াগন। এর ফলে সড়ক পরিবহণের ওপর নির্ভরতা কমে আসবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ, যুগান্তর, ইনকিলাব :** বিশ্ববাজারে তেলের দামের ঊর্ধ্বগতির অজুহাতে জ্বালানি তেলের দাম বাড়ানোর প্রস্তাব দিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন উল্লেখ করে জনস্বার্থে দাম না বাড়ানোর সুপারিশ।

খ. **প্রথম আলো :** যশোরের অভয়নগর উপজেলার সিদ্দিপাশা গ্রামে ভৈরব নদের তীরে অবৈধভাবে গড়ে তোলা সিসা কারখানাটি উচ্ছেদে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

গ. **সমকাল :** আলুর ন্যায্যমূল্য না পেয়ে এবং পর্যাপ্ত হিমাগারের অভাবে আলু চাষিরা বিপাকে পড়েছেন এক প্রতিবেদনে তা  প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক :** বেসরকারি **১২**টি বিশ্ববিদ্যালয় উপাচার্য, উপ-উপচার্য ও কোষাধ্যাক্ষের মতো গুরুত্বপূর্ণ পদগুলো খালি রেখেই তাদের কার্যক্রম পরিচালনা করছে-উল্লেখ করে এ ধরনের অব্যবস্থাপনা রোধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** দেশে বহু মামলা দীর্ঘদিন ধরে নিস্পত্তিহীন অবস্থায় পড়ে থাকায় মামলায় অভিযুক্তরা বিচারের কারণে জেলখানায় পড়ে রয়েছেন বছরের পর বছর উল্লেখ করে বিচারের এ দীর্ঘসূত্রতা রোধে যথাযথ পদক্ষেপ  কামনা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** জনসাধারণের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করার আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে আমাদের শিক্ষাব্যবস্থাকে সাজাতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত ‘একুশ প্রতিষ্ঠিত হোক সর্বক্ষেত্রে’ শিরোনামের নিবন্ধে বাংলা ভাষার প্রতি একদিনের শ্রদ্ধা নিবেদনকারী না হয়ে সামাজিক ও রাষ্ট্রীয় জীবনে যথাযথভাবে ভাষাকে ব্যবহার করতে পারলে সেটিই হবে ভাষা শহিদ ও ভাষা সংগ্রামীদের উদ্দেশ্যে সত্যিকারের শ্রদ্ধা নিবেদন করা বলে অভিমত প্রকাশ।

#

শুকলা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০